

রাজশাহী বোর্ডে এসএসসির ৩২ হাজার ২৫১টি খাতা পুনঃনিরীক্ষণের আবেদন

রাজশাহী ব্যুরো

৮ ডিসেম্বর ২০২২ ০৬:১০ পিএম | আপডেট: ৮ ডিসেম্বর ২০২২

০৬:১১ পিএম



উষ্ণ চুমুকে জমজমাট বিশ্বকাপ



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। পুরোনো ছবি

advertisement

রাজশাহী শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার ফল প্রকাশের পর ৩২ হাজার ২৫১টি খাতা পুনঃনিরীক্ষণের আবেদন পড়েছে। বিভিন্ন স্কুলের ২০ হাজার ১৮১ জন শিক্ষার্থী এই আবেদন দিয়েছে। কেউ কেউ একাধিক খাতা পুনঃনিরীক্ষণের আবেদন করেছে। আশানুরূপ ফল না পেয়ে শিক্ষার্থীরা এই আবেদন করে।

রাজশাহী শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক আরিফুল ইসলাম জানান, ফল প্রকাশের পর ২৯ নভেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত পুনঃনিরীক্ষণের আবেদনের সুযোগ দেওয়া হয়। এ সময়ে ২০ হাজার ১৮১ জন শিক্ষার্থী তাদের ৩২ হাজার ২৫১টি খাতা চ্যালেঞ্জ করেছে। এদের মধ্যে বাংলা প্রথম পত্রে ২ হাজার ২০৪ জন, বাংলা দ্বিতীয় পত্রে ২ হাজার ২০৪ জন, ইংরেজি প্রথম পত্রে ২ হাজার ৬৭৬,

ইংরেজি দ্বিতীয় পত্রে ২ হাজার ৬৭৬ জন, গণিতে চার হাজার ৩৫৪ জন, ভূগোল ও পরিবেশে পাঁচ হাজার ৪৯৫ জন, উচ্চতর গণিতে ১ হাজার ৪৩ জন, কৃষি শিক্ষায় ৪৫৮ জন, পদার্থ বিজ্ঞানে ১ হাজার ৫৬৩ জন, রসায়নে ২ হাজার ১২২, জীব বিজ্ঞানে ৯২৬, পৌরনীতি ও নাগরিকতায় ১১৭ জন, অর্থনীতিতে ২৯৪ জন, ব্যবসার উদ্যোগে ৭৫ জন, হিসাব বিজ্ঞানে ৫৪, গার্হস্থ্য বিজ্ঞানে ১৮ জন, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিংয়ে ২৫৮ জন, বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতায় পাঁচ হাজার ৬৭৪ জন।

advertisement

পরীক্ষা নিয়ন্ত্রক বলছেন, ‘ধারণা প্রসূত ফল না পেয়ে সাধারণত শিক্ষার্থীরা এটা করে থাকে। আমরা তাদের প্রত্যাশা মাথায় রেখে সঠিকভাবে খাতা পুনঃনিরীক্ষণ করব। পুনঃনিরীক্ষণের ফল দ্রুতই প্রকাশ করা হবে। যেন কলেজে ভর্তি হতে তাদের কোনো বিড়ম্বনায় পড়তে না হয়।’

advertisement 4

এর আগে ২৮ নভেম্বর এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হয়। এবার রাজশাহী বোর্ডে পাসের হার ছিল ৮৫ দশমিক ৮৮ শতাংশ। আর জিপিএ-৫ পায় ৪২ হাজার ৫১৭ জন শিক্ষার্থী। রাজশাহী শিক্ষাবোর্ডে এবার মোট পাশ করছেন এক লাখ ৬৭ হাজার ৫৮১ জন। এদের মধ্যে ছাত্র পাশ করেছে ৮৫ দশমিক ৬২ শতাংশ আর ছাত্রী পাশ করেছে ৮৬ দশমিক ১৭ শতাংশ।

